গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৬০.০০১.২৩.২৮৮

তারিখ: ১৪ বৈশাখ, ১৪৩০ / ২৭ এপ্রিল, ২০২৩

## অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.১ নং কার্যক্রমের আওতায় সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অংশ হিসেবে সিটিজেনস চার্টারভুক্ত সেবা "শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র যাচাই" কাজ সহজে, নির্ভুলভাবে ও দ্রুততার সাথে সম্পাদন এর লক্ষ্যে NTRCA Certificate Verification System নামে একটি সফ্টওয়ার প্রস্তুত করা হয়েছে। উক্ত সফ্টওয়ারের মাধ্যমে প্রত্যয়নপত্র যাচাই প্রত্যাশী কর্মকর্তা/প্রতিষ্ঠান/সংস্থাসমূহ নিবন্ধিত প্রার্থীর প্রত্যয়নপত্র যাচাই করে স্বয়ংক্রিয়ভাবে যাচাই প্রতিবেদন সংগ্রহ করতে পারবেন। সফ্টওয়ারের মাধ্যমে প্রত্যয়নপত্র যাচাইয়ের সুবিধার্থে একটি নির্দেশিকা (Guideline) প্রস্তুত করা হয়েছে। উক্ত সফ্টওয়ারের মাধ্যমে এনটিআরসিএ'র আওতায় গৃহীত ষষ্ঠ থেকে ষোড়শ (৬ষ্ঠ থেকে ১৬তম) শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্রসমূহ নির্দেশিকা অনুসরণ করে যাচাই করা সম্ভব হবে। প্রথম থেকে পঞ্চম (১ম থেকে ৫ম) শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র পূর্বের ন্যায় ম্যানুয়েল পদ্ধতিতে যাচাই করা হবে। প্রাথমিক পর্যায়ে এনটিআরসিএ'র সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সফ্টওয়ারটি ব্যবহার করে যাচাই কাজ সম্পন্ন করবেন। পরবর্তীতে এটি সেবা গ্রহীতাসহ সকল অংশীজনের জন্য ব্যবহার উপযোগী করে ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এনটিআরসিএ'র পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগের সকল কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে উক্ত সফ্টওয়ার ব্যবহার করে শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র যাচাই করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

27/04/23

(কাজী কামরুল আহছান)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
ও
ইনোভেশন অফিসার
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২১

নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৬০.০০১.২৩.২৮৮(১২)

তারিখ: ১৪ বৈশাখ, ১৪৩০ / ২৭ এপ্রিল, ২০২৩

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. মহাপরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
৭. সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ, ঢাকা।
৮. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৯. আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
১০. জেলা শিক্ষা অফিসার (সকল)।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১. জনাব ........................................................................ এনটিআরসিএ, ঢাকা।
২. পিএ টু চেয়ারম্যান, এনটিআরসিএ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

27/04/23

(কাজী কামরুল আহছান)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
ও
ইনোভেশন অফিসার
এনটিআরসিএ, ঢাকা।

F:\NTRCA\Letter Folder\795(part-2)-Innovation.doc